# তেজগাঁও কলেজ মসজিদে বৈঠক, উগ্রবাদী তৎপরতার সন্দেহে আটক ২৩




ছবি: সংগৃহীত

রাজধানীর ইন্দিরা রোডে তেজগাঁও কলেজের মসজিদে জুমার নামাজের পর বৈঠক করার সময় ২৩ জনকে আটক করেছে তেজগাঁও থানা-পুলিশ। তাদের বিরুদ্ধে উগ্রবাদী কর্মকাণ্ডে সম্পৃক্ততার সন্দেহ রয়েছে।

শুক্রবার (১৮ সেপ্টেম্বর) নামাজ শেষে মসজিদে বৈঠক চলার সময় তাদের আটক করা হয়।

তেজগাঁও থানা-পুলিশ জানিয়েছে, গোপন তথ্যের ভিত্তিতে ওই ব্যক্তিদের আটক করা হয়েছে। নিষিদ্ধ কোনো জঙ্গি সংগঠনের সঙ্গে তাদের যোগাযোগ বা সম্পৃক্ততা রয়েছে কি না, তা যাচাই করা হচ্ছে।

পুলিশের তথ্য অনুযায়ী, আটক ব্যক্তিরা রাজধানীর বিভিন্ন এলাকা থেকে ওই মসজিদে একত্রিত হয়েছিলেন। তারা সবাই একই সংগঠনের সদস্য কি না, সেটিও এখনো নিশ্চিত হওয়া যায়নি।

LENS ASIA